অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নারী সমতার দিবসে, গভর্নর হোকল নারী স্বাস্থ্য সংস্থান সম্প্রসারিত করে বিধিমালায় স্বাক্ষর করলেন

S.6146-A/A.5729-A অনুযায়ী স্তন পুনর্গঠন সার্জারির অংশ হিসেবে একজন চিকিৎসক কর্তৃক ট্যাটু করানোর জন্য আওতা প্রদান করা বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য আবশ্যক হবে

S.5910-B/A.4060-A অনুযায়ী সরকারি কলেজ ও ইউনিভার্সিটিতে মেন্সট্রুয়াল পণ্য রাখা আবশ্যক হবে

নারী সমতা দিবসের ঘোষণাপত্রের সম্পূর্ণ বার্তা এখানে উপলভ্য আছে এবং স্টেটের ল্যান্ডমার্কসমূহকে বেগুনি ও সোনালী আলোয় আলোকিত করা হবে

নারী সমতা দিবস উপলক্ষে গভর্নর হোকলের বার্তা দেখুন এখানে

নারী সমতা দিবস (Women's Equality Day) উদযাপন করার জন্য গভর্নর ক্যাথি হোকল আজকে নারীদের স্বাস্থ্য সেবা সংস্থান সম্প্রসারণ করতে বিধিমালায় স্বাক্ষর করলেন। S.6146-A/A.5729-A অনুযায়ী স্তন পুনর্গঠন সার্জারির অংশ হিসেবে একজন চিকিৎসক কর্তৃক ট্যাটু করানোর জন্য আওতা প্রদান করা বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য আবশ্যক হবে। S.5910-B/A.4060-A অনুযায়ী সরকারি কলেজ ও ইউনিভার্সিটিতে মেন্সট্রুয়াল পণ্য রাখা আবশ্যক হবে। এছাড়া গভর্নর হোকল 26 আগস্ট, 2024 তারিখকে নারী সমতা দিবস হিসেবে আখ্যা দিয়ে একটি ঘোষণাপত্র জারি করেছেন এবং আজকে, 26 আগস্ট রাতে, স্টেটের 13টি ল্যান্ডমার্ককে বেগুনি ও সোনালী আলোয় আলোকিত করার ঘোষণা করেছেন। গভর্নর হোকলের একটি ভিডিও বার্তা এখানে দেখা যাবে।

"সমান অধিকারের লড়াইয়ে নারীরা অনেক অগ্রসর হয়েছে, কিন্তু এখনো অনেক কাজ বাকি আছে," **গভর্নর হোকল বলেন।** "নারী অধিকার সুরক্ষিত রাখা এবং সম্প্রসারিত করার ব্যাপারে নিউ ইয়র্ক সর্বদা শীর্ষে থাকবে। মহান এই স্টেটে গভর্নর হিসেবে দায়িত্ব পালন করা প্রথম নারী হিসেবে আমি নারীদের সমতা ও প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার পক্ষে কাজ করা অব্যাহত রাখবো।"

S.6146-A/A.5729-A অনুযায়ী স্তন পুনর্গঠন সার্জারির অংশ হিসেবে ট্যাটু করানোর আওতা প্রদান করা বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য আবশ্যক হবে, যদি তা একজন চিকিৎসক বা নিজেদের অনুশীলনের গণ্ডির মধ্যে কাজ করা অন্য কোনো স্বাস্থ্য সেবা প্র্যাকটিশনিয়ার করে থাকে।

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "স্তন ক্যান্সারের এবং সংশ্লিষ্ট চিকিৎসার বিধ্বংসী প্রভাবের মোকাবেলা করাই যথেষ্ট কঠিন একটি ব্যাপার। তার সাথে যুক্ত হয় মন ও দেহের চাপ, যার মধ্যে রয়েছে শারীরিক অবস্থার পরিবর্তন। এই বিলটি স্তন ক্যান্সার কবল থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের সাহায্য করবে যাদের স্তন পুনর্গঠন করা হয়েছে এবং তাদের পূর্ণাঙ্গ অনুভব করতে ও দেখাতে সাহায্য করবে। আমি ধন্যবাদ জানাতে চাই গভর্নর হোকলকে, এই গুরুত্বপূর্ণ বিল স্বাক্ষর করার জন্য, যা আমাদের বেঁচে যাওয়া রোগীদের শারীরিক, মানসিক, ও আবেগিকভাবে নিরাময় লাভ করতে সাহায্য করবে।"

S.5910-B/A.4060-A অনুযায়ী সরকারি কলেজ ও ইউনিভার্সিটিতে মেন্সট্রুয়াল পণ্য রাখা আবশ্যক হবে।

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "মেন্সট্রুয়াল পণ্য হলো মৌলিক স্বাস্থ্য প্রয়োজনীয়তা, এবং এই পণ্য সামর্থ্যের বাইরে বা অ্যাক্সেস করতে না পারার জন্য কাউকে স্কুল, কাজ, বা জীবনে পিছিয়ে থাকতে হওয়া উচিত না। সকল নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) রেস্টরুমে বিনামূল্যে মেন্সট্রুয়াল পণ্য উপলভ্য করার আমাদের বিলটি আইন হিসেবে স্বাক্ষর হয়েছে বলে আমরা অত্যন্ত গর্বিত। পিরিয়ড দারিদ্র্য নির্মূল করা, মেন্সট্রুয়েশনকে প্রায়শই ঘিরে থাকা আর্থিক চাপ ও কলঙ্ক হ্রাস করা, এবং যেসব ব্যক্তি মেন্সট্রুয়েট করে তাদের জন্য সত্যিকারের সমতা ও মর্যাদা প্রদানের আরো কাছে আমাদেরকে নিয়ে যাওয়ার জন্য আমাদের লড়াইয়ের ক্ষেত্রে এই বিধিমালাটি একটি বিশাল অগ্রগামী ধাপ। নারী সমতার দিবসে গুরুত্বপূর্ণ এই বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে এবং আমার সাথে এই বিষয়টির পক্ষে কাজ করার জন্য স্বাস্থ্যের প্রধান অ্যাসেম্বলি সদস্য এমি পলিনকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "আজকে গভর্নর হোকল নারীদের স্বাস্থ্যসেবাকে অগ্রসর করেছেন। স্তন ক্যান্সারের কবল থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের স্তন পুনর্গঠন প্রক্রিয়ার অংশ হিসেবে স্তনে ট্যাটু করার জন্য বীমার আওতা নিশ্চিত করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে নারীদের কাছে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সেবার পূর্ণ ব্যাপ্তি পাওয়ার সুযোগ থাকে। এটি কোনো কসমেটিক্সের বিষয় নয়, শারীরিক ও আবেগিকভাবে কঠিন একটি অভিজ্ঞতার পর বেঁচে থাকা ব্যক্তিদের পুনরায় সম্পূর্ণ অনুভূত করতে সাহায্য করার জন্য এর প্রয়োজন হয়। এছাড়াও আমরা সরকারি কলেজ ও ইউনিভার্সিটির জন্য ক্যাম্পাসের রেস্টরুমে বিনামূল্যে মেন্সট্রুয়াল পণ্য প্রদান করা আবশ্যক করছি, পিরিয়ড দারিদ্র্য মোকাবেলা করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। এইসব বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং নিউ ইয়র্কের নারীদের জন্য স্বাস্থ্যসেবা উন্নত করতে তার প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলের প্রতি আমি কৃতজ্ঞ।"

প্রথমে 1971 সালে নিউ ইয়র্ক প্রতিনিধি বেলা অ্যাবজাগ কর্তৃক উপস্থাপিত এবং 1973 সালে মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেসে (U.S. Congress) পাশ হওয়ার পর, নারীদের ভোটাধিকার প্রদান করা 1920 সালের 19তম সংশোধনীর (19th Amendment) প্রত্যয়নকে সম্মান জানাতে 26 আগস্টকে নারী সমতার দিবস হিসেবে আখ্যা প্রদান করা হয়।

এছাড়াও গভর্নর হোকল আজকে, 26 আগস্টের রাতে, নারী সমতার সম্মানে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে বেগুনি ও সোনালী আলোয় আলোকিত করার নির্দেশ প্রদান করেছেন।

আজকে রাতে 13টি ল্যান্ডমার্ককে আলোকিত করা হবে, যেমন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (The H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge over the Erie Canal)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন